

প্রাইম ইউনিভার্সিটি সংক্রান্ত আদালতের

আদেশ বাস্তবায়নে মন্ত্রণালয়কে প্রেসিডেন্টের নির্দেশ

স্টাফ রিপোর্টার: প্রাইম ইউনিভার্সিটি উত্তরা মেইন ক্যাম্পাস বিষয়ে আদালতের আদেশ বাস্তবায়নে শিক্ষামন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন প্রেসিডেন্ট ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. জিহুর রহমান। জানা যায়, গত ১৯ সেপ্টেম্বর প্রাইম ইউনিভার্সিটি বর্তমান কমিটি (বোর্ড অব ট্রাস্টিজ এবং প্রাইম ফাউন্ডেশনের), মেইন ক্যাম্পাস ও হেড অফিস বিষয়ে আদালতের আদেশ বাস্তবায়নে শিক্ষামন্ত্রণালয়কে চ্যান্সেলরের দস্তর থেকে নির্দেশ প্রদান করা হয়। এর আগে গত ৭ আগস্ট সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি হাসানুজ্জামান সিদ্দিকি এবং বিচারপতি এ বি এম আলতাক হোসাইন এর সম্মুখে বোর্ড প্রদত্ত আদেশে প্রাইম ইউনিভার্সিটির বর্তমান বোর্ড অব ট্রাস্টিজকে বৈধ করিষ্টি এবং হেড অফিস ও মেইন ক্যাম্পাস ৪২, রবীন্দ্র সরণী, সেটর-৭, উত্তরা, ঢাকা-১২৩০ কে বৈধ কার্যালয় হিসেবে আদেশ প্রদান করেন। সূত্র মতে, গত ৪ মে অনুষ্ঠিত প্রাইম ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজ এবং প্রাইম ফাউন্ডেশনের নির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রাইম ইউনিভার্সিটির মূল ক্যাম্পাস ২/এ/১ নর্থ ইস্ট অব দারুল সালাম রোড, সেকশন-১, মিরপুর, ঢাকা হতে ৪২, রবীন্দ্র সরণী, সেটর-৭, ঢাকা ১২৩০ স্থাপন করলে স্যাক্সাভুজ জুম্বা গাং বাদী হয়ে ঢাকার ২য় ফুণ্ড জজ আদালতে গত ২৭ জুন পেট্রানী মামলা দায়ের করেন। মামলা নং ৫৪৩/২০১২। পরে, গত ১৩ সেপ্টেম্বর তনাসি শেবে আদালত আবেদনটি খারিজ করেন। তাই আদালতের আদেশ অনুযায়ী প্রাইম ইউনিভার্সিটির মূল ক্যাম্পাস ৪২, রবীন্দ্র সরণী, সেটর-৭, উত্তরা, ঢাকা বহাল থাকলো। এ অবস্থায় আদালতের আদেশ এবং তা বাস্তবায়নে চ্যান্সেলর দস্তরের নির্দেশের ফলে মিরপুর ক্যাম্পাসের একাডেমিক কার্যক্রম পরিচালনা করার বৈধতা বাতিল হয়ে যায়। উল্লেখ্য, প্রাইম ইউনিভার্সিটি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০-এর অধিকতর সংশোধনী ৩৫-এর আইন অনুযায়ী বোর্ড অব ট্রাস্টিজ এবং প্রাইম ফাউন্ডেশনের মাধ্যমে যথা নিয়মে পরিচালিত হচ্ছে। প্রাইম ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজ উত্তরা শাব রেজিস্ট্রি অফিসে দপিস নং আইডি-২০, পত ১২ এপ্রিল রেজিস্ট্রিকৃত এবং রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এক্স ফর্মস হতে ফাউন্ডেশনের সংঘ স্মারক ২৬৮৮ (১০)/২০০২ এবং নির্বাহী কমিটির তদিকা ইস্যু নং ৩৬৫৮৯ ও ৩৬৫৯০ মূলে গত ৩ মে সংশোধিত ও অনুমোদিত হয়। এমিকে প্রাইম ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজ সূত্র, মিরপুর ক্যাম্পাসের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদেরকে আতঙ্কিত না হয়ে মেইন ক্যাম্পাস উত্তরায় যোগাযোগের জন্য অনুরোধ করেছে। মিরপুর ক্যাম্পাসের সকল শিক্ষার্থীদেরকে অতিসত্বর প্রাইম ইউনিভার্সিটির হেড অফিস ও মেইন ক্যাম্পাস ৪২ রবীন্দ্র সরণী, সেটর-৭, উত্তরা, ঢাকার যোগাযোগপূর্বক সকল একাডেমিক কার্যক্রম সম্পন্ন করার জন্য রেজিস্ট্রার ড. মো. শাহ আলম অনুরোধ জানিয়েছেন।